বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
ময়মনসিংহ

নং- ১৯০৯ /পরীক্ষা

তারিখঃ ২৫/০৯/২০২৪

## বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য আদিষ্ট হইয়া জানান যাইতেছে যে, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ এর সকল বিষয়ের এম. এস. এবং পিএইচ.ডি. ছাত্র-ছাত্রীদের (এপ্রিল-সেপ্টেম্বর/২০২৪) সিমেস্টার ফাইন্যাল পরীক্ষা আগামী ০৫/১১/২০২৪ ইং তারিখ হতে শুরু করিয়া ১০(দশ) কর্মদিবসের মধ্যে শেষ করিতে হইবে।

উক্ত পরীক্ষাসমূহে অংশগ্রহণকারী পরীক্ষার্থীগণ এবং এই বিষয়ে সংশ্লিষ্ট অন্যান্য সকলকে পরীক্ষার এন্ট্রিফরম সংগ্রহ, জমাদান, প্রেরণ, পরীক্ষার ফি ও অন্যান্য পাওনা পরিশোধ ইত্যাদি কার্যাদি সম্পন্ন করিবার নিমিত্তে নিম্নবর্ণিত রূপে সময়সূচী নির্ধারণ করা হইলঃ

১. পরীক্ষার জন্য নির্ধারিত এন্ট্রিফরম কো-অর্ডিনেটর, উশিগক মহোদয় এর অফিস হইতে আগামী ০১/১০/২০২৪ তারিখ হইতে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ছাত্র-ছাত্রীর সংখ্যা উল্লেখপূর্বক তালিকা দিয়ে সংগ্রহ করিবেন, তা পরীক্ষার্থী কর্তৃক পূরণ পূর্বক হিসাব শাখায় পরীক্ষার ফিস জমাদানের রশিদ সংযোজন করিয়া, সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের নিকট আগামী ০৭/১০/২০২৪ তারিখের মধ্যে দাখিল করিতে হইবে এবং উক্ত এন্ট্রিফরম উশিগক এর অফিসে দাখিল করিবার সর্বশেষ তারিখ ০৯/১০/২০২৪।

২. পরীক্ষার্থীগণ কর্তৃক দাখিলকৃত এন্ট্রিফরম গুলো সত্য প্রতিপাদন করিয়া কো-অর্ডিনেটর, উশিগক মহোদয় কর্তৃক সুপারিশসহ পরীক্ষা শাখায় প্রেরণের তারিখ ১৬/১০/২০২৪ ইং পর্যন্ত।

৩. নির্ধারিত তারিখে এন্ট্রিফরম পূরন ও জমাদানে ব্যর্থ হইলে বিশেষ ক্ষেত্রে গ্রহণযোগ্য কারণসহ সংশ্লিষ্ট প্রার্থীর আবেদনটি বিভাগীয় প্রধান, কো-অর্ডিনেটর, উশিগক মহোদয় এর সুপারিশ এবং উপাচার্য মহোদয়ের বিশেষ অনুমতিক্রমে টাঃ ৩০/- (ত্রিশ টাকা) লেট ফি সহ পরীক্ষার ফিস জমাদানের রশিদ সংযোজন করতঃ এন্ট্রিফরম দাখিল করিবার সর্বশেষ তারিখ ১৭/১০/২০২৪ ইং পর্যন্ত। উক্ত এন্ট্রিফরম সমূহ উশিগক এর অফিস হতে পরীক্ষা শাখায় পৌঁছানোর সর্বশেষ তারিখ ২০/১০/২০২৪ ইং।

বিঃদ্রঃ সংশ্লিষ্ট পরীক্ষার্থীগণকে তাহাদের নিকট প্রাপ্য নিজ নিজ বেতনাদি, হলের সিট ভাড়া এবং পি-এইচ.ডি. ডরমেটরীর সীট ভাড়া ইত্যাদি বিশ্ববিদ্যালয়ের যাবতীয় পাওনাদি পরীক্ষার ফি জমাদানের নির্ধারিত তারিখের পূর্বে পরিশোধ করিয়া দায় মুক্তি সংক্রান্ত প্রমাণ পত্রাদি ও পরীক্ষার ফি জমাদানের রশিদ সংযোজন করিয়া যথাসময়ে উশিগক এর অফিসে এন্ট্রিফরম দাখিল করিতে হইবে। অতএব, যথাসময়ে প্রবেশপত্র তৈরীর কাজ সম্পন্ন করার লক্ষ্যে এন্ট্রিফরম পূরণের উল্লেখিত সময়সূচী যথাযথ ভাবে অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আর্কষণ করা হইল।

**বিঃদ্রঃ স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।**

২৫/০৯/২০২৪
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
বাকৃবি, ময়মনসিংহ

মেমো নং ১৯০৯(৩০)/ পরীক্ষা

তারিখ ঃ ২৫/০৯/২০২৪

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরিত হলঃ

১) কো-অর্ডিনেটর, উচ্চ শিক্ষা ও গবেষণা কমিটি, নিয়মিত পরীক্ষার জন্য ......... টি ও রিপিট পরীক্ষার জন্য ...... টি সর্বমোট ............ টি এন্ট্রিফরম এতদসঙ্গে প্রেরিত হইল।
২) সকল বিভাগীয় প্রধান, সংশ্লিষ্ট অধ্যাদেশ অনুযায়ী যথাযথ কার্যব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।।
৩) সকল অনুষদের ডীন, বাকৃবি, ময়মনসিংহ।
৪) ছাত্র বিষয়ক উপদেষ্টা। ৫) রেজিস্ট্রার ৬) কোষাধ্যক্ষ। ৭) প্রোক্টর। ৮) সকল হলের প্রভোস্ট।
৯) সুপার, পি-এইচ.ডি. ডরমেটরী। ১০) পরিচালক, আই.আই.এফ.এস.। ১১) পরিচালক, আই.এ.ডি.এস.।
১২) পরিচালক, হাওর ও চর উন্নয়ন ইনস্টিটিউট। ১৩) লাইব্রেরিয়ান।
১৪) পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা দফতর, বাকৃবি, ময়মনসিংহ। বিজ্ঞপ্তিটি পত্রিকাতে প্রকাশ এবং টিভির খবরে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
১৫)পরিচালক, আইসিটি সেল। বিজ্ঞপ্তিটি বাকৃবি ওয়েবসাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
১৬) ডেপুটি রেজিস্ট্রার, ভিসি সচিবালয়, উপাচার্য মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।
১৭) পরীক্ষা শাখার নোটিশ বোর্ড।

২৫/০৯/২০২৪
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
বাকৃবি, ময়মনসিংহ